



# দেবী-মহিমা

সুখেন্দ্র ভট্টাচার্য

[Zoom In](#) | [Zoom Out](#) | [Close](#) | [Print](#) | [Home](#)

এখন ভারতীয় সংবিধান বলে দিয়েছে, কিছু শতাংশ ভারতীয় মহিলারা বিধায়ক পদে নির্বাচিত হতে পারবেন। ফলত এখন মহিলারাও বিধায়ক পদে প্রার্থী হচ্ছেন। উত্তর ২৪ পরগনার ধনিয়াপুরের এরকমই একজন মহিলা প্রার্থী সুরমা দেবী বহুতা দিতে যাচ্ছেন নিজের নির্বাচনী কেন্দ্র ধনিয়াপুরের হা-ডুডু খেলার মাঠে। শ্রীমতী সুরমাদেবী মিছিল করে হেঁটে যাচ্ছেন। তিনি হালকা সবুজ রঙের ডুরে শাড়ি ও এলিট চপ্পল পরে দ্রুত হাঁটছেন। তার চারপাশে যেমন প্রবীণেরা হাঁটছেন, তেমনভাবে তাগড়াই জোয়ানেরাও হাঁটছেন। তাদের মধ্যে অনেকের হাতে মোবাইল ফোন। রিং রিং আওয়াজ হলেই কানে তুলে নিচ্ছেন। কখনও কখনও সুরমা দেবীর হাতে দিচ্ছেন।

এতোক্ষণ রাসুর বাবা ত্রাচ বগলে একপায়ে দ্রুতই হাঁটছিল। এখন পিছিয়ে পড়েছে। এই রাসুর বাবাকে গতবছর পাশের গ্রামে উপনির্বাচনে বহুতা দিয়ে এসে মঞ্চে তুলে বলেছিলেন, ‘আমাদের বিপক্ষ দলের লোকেরা বোমা মেরে রাসুর বাবার একটি পা উড়িয়ে দিয়েছে।’ পরে বিপক্ষ দল তদন্ত করে জানতে পেরেছে ডাব গাছ থেকে পড়ে পায়ে প্রচণ্ড আঘাত পায়। দারিদ্র্যের জন্য চিকিৎসা করাতে পারেনি। গ্রামবাসীদের সাহায্যে হাসপাতালে ভর্তি করানো হয় এবং হাঁটু থেকে ডান পাটা বাদ দিতে হয়।

সেই রাসুর বাবা প্রথমে মিছিলের সামনেই ছিল। সুরমাদেবী তাকে দেখেছেন, কিন্তু কথা বলেন নি। পরে তাগড়াই তাগড়াই চেহারার দলের কর্মীদের ঠেলাঠেলি সামলাতে না পেরে রাসুর বাবা দ্রুত চলতে গিয়ে পুরনো ত্রাচটা ভেঙ্গে যাওয়ায় মাটির রাস্তায় পড়ে যায়। সবাই রাসুর বাবাকে ডিঙ্গিয়ে ডিঙ্গিয়ে চলে গেছে। রাসুর বাবা এখন পিছনে এসে ঠেকেছে। শুধু চক্কিশ পেরোনো একজন যুবক যায় নি রাসুর বাবাকে ডিঙ্গিয়ে। তাপস মল্লিক নামে সেই যুবক মিছিলের লোক নয়। সে বিপক্ষ দলের লোক। সে মিছিল দেখতে এসেছিল।

রাসুর বাবাকে তুলবার জন্য সেই যুবক হাত বাড়িয়ে দেয়। সেই যুবক রাসুর বাবাকে তুলতে পারতো। কিন্তু তুললো না, কারণ যুবকটি বিপক্ষদল করে বলে যদি রাসুর বাবা সেই হাত সরিয়ে নেয়।

কিন্তু রাসুর বাবা হাত সরিয়ে নিল না। হাত প্রসারিত করে তাপস মল্লিকের হাত চেপে ধরে এক পায়ে উঠে দাঁড়ায়। তাপস ভাঙা ত্রাচটা হাতে তুলে নিয়ে বলে, আমি একটা করিয়ে দেব। তারপর রাসুর বাবাকে বাড়িতে পৌঁছে দেবার জন্য জড়িয়ে ধরে চলতে থাকে। রাসুর বাবা একবারও বলেনি, ‘আমি বহুতা শুনতে যাব।’ মাইকে মহিলা প্রার্থী সুরমাদেবীর গলার আওয়াজ শোনা যাচ্ছে, ‘এই দেখুন নেলির বাবার হাতকাটা। এই হাতটা কেটে নিয়েছে বিপক্ষ দলের গুন্ডারা।’

[Zoom In](#) | [Zoom Out](#) | [Close](#) | [Print](#) | [Home](#)

সৃষ্টিসন্ধান

Phone: 98302 43310  
email: editor@srishtisandhan.com